

# দৈনিক ইত্তেফাক

প্রতিষ্ঠাতা ওয়াহিদুল হোসেন মাসিক মিতা

‘বাংলাদেশ কাঙ্ক্ষিত সফলতা অর্জন করেছে’

এমডিজি রিপোর্ট প্রকাশ

🕒 ০৮ জুলাই, ২০১৫ ইং ০০:০০ মিঃ

জাতিসংঘ ঘোষিত সহস্রাব্দের উন্নয়নের লক্ষ্যমাত্রা (এমডিজি) রিপোর্ট-২০১৫ প্রকাশ উপলক্ষে ঢাকা জাতিসংঘ তথ্য কেন্দ্র সোমবার এক গোলটেবিল আলোচনার আয়োজন করে। ৮টি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীবৃন্দ ৮টি এমডিজি লক্ষ্যমাত্রা ও প্রস্তাবিত স্থিতিশীল উন্নয়ন লক্ষ্যমাত্রা বিষয়ে আলোচনায় অংশগ্রহণ করেন। অর্থনীতি ও সমাজবিদ ড. জহিরুল আলম অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন এবং জাতিসংঘ বিশেষজ্ঞ ও ঢাকা আহছানিয়া মিশনের পরিচালক (কমিউনিকেশন) কাজী আলী রেজা সভাপতিত্ব করেন। জাতিসংঘ তথ্য কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা মো. মনিরুজ্জামান গোলটেবিল আলোচনাটি সঞ্চালনা করেন এবং এমডিজি রিপোর্ট-২০১৫-এর প্রধান প্রধান তথ্য ও উপাত্তসমূহ তুলে ধরার মাধ্যমে গত পনের বছরে বাংলাদেশসহ সারা বিশ্বের এমডিজির লক্ষ্য পূরণে যে কাঙ্ক্ষিত সফলতা অর্জন করেছেন সেটার উল্লেখ করেন। তরুণ প্রতিনিধি ছাড়াও আলোচনায় উপস্থিত ছিলেন এনজিও প্রতিনিধি, গণমাধ্যম, নাগরিক সমাজ এবং সংস্কৃতিক অঙ্গনের প্রতিনিধিগণ।

আলী রেজা উল্লেখ করেন, টেকসই উন্নয়নে সমতা ও প্রবৃদ্ধি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। যোগাযোগ বিশেষজ্ঞ মিজানুর রহমান রাজু অর্থনৈতিক বৈষম্যের কথা উল্লেখ করেন এবং এই সমস্যা সমাধানে তরুণ প্রজন্মকে এগিয়ে আসার আহ্বান জানান। ভোগবাদ, তথ্য বিশ্লেষণ, এনজিওর ভূমিকা, মাতৃকালীন মৃত্যু, নারীদের প্রতি দৃষ্টিভঙ্গি, বৈষম্য, দারিদ্র্য, পরিবেশগত পরিবর্তন, গুণগত শিক্ষা ব্যবস্থা, সমতা ইত্যাদি বিষয়গুলো আলোচনার মাধ্যমে উঠে আসে।

অংশগ্রহণকারী বিশ্ববিদ্যালয় এবং কলেজগুলোর মধ্যে ছিল ঢাকা বিশ্ববিদ্যালয়, নর্থ সাউথ ইউনিভার্সিটি, ব্রাক বিশ্ববিদ্যালয়, ড্যাফডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, ঢাকা মেডিক্যাল কলেজ, ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, স্যানিডেল ও স্কলাসটিকা। আলোচনায় অংশগ্রহণকারীগণ আগামী সেপ্টেম্বর-এ এমডিজি সম্মেলনের পর তরুণদের অংশগ্রহণে আরো একটি গোলটেবিল বৈঠক আয়োজনের ব্যাপারে একমত হন। -প্রেস বিজ্ঞপ্তি

</print-edition/index.php>

ভারপ্রাপ্ত সম্পাদক: তাসমিমা হোসেন।

উপদেষ্টা সম্পাদক: হাবিবুর রহমান মিলন।

ইত্তেফাক গ্রুপ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে আনোয়ার হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস, কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।

© প্রকাশক কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত